DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 14 Sep 2026, 01:44 PM

বিনোদন

# অভিনেত্রী রিয়ার গোপন ভিডিও ফাঁস, তোলপাড় নেটদুনিয়া!

প্রতিবেদক: বিনোদন ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



রিয়া চক্রবর্তী, সংগৃহীত ছবি।

বিতর্ক আর কটাক্ষ যেন কিছুতেই পিছু ছাড়ছে না বলিউড অভিনেত্রী রিয়া চক্রবর্তীর। বিশেষ করে ২০২০ সালে বলিউড অভিনেতা সুশান্ত সিং রাজপুতের মৃত্যুর পর থেকেই এক কঠিন মানসিক ট্রমার মধ্য দিয়ে গিয়েছেন তিনি।

দীর্ঘ আইনি প্রক্রিয়ার পর সম্প্রতি ভারতের কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা (সিবিআই) সুশান্তের মৃত্যু মামলায় চূড়ান্ত প্রতিবেদন দাখিল করে তাকে সমস্ত অভিযোগ থেকে অব্যাহতি দিয়েছে।

তবে সেই মানসিক কষ্ট থেকে এখনও বের হতে পারেননি, তার প্রমাণ মিলল ওটিটি প্ল্যাটফর্মের জনপ্রিয় রিয়্যালিটি শো দ্য ট্রেইটরস-এর মঞ্চে। শোয়ের পঞ্চম পর্বে সহ-প্রতিযোগী শ্বেতা তিওয়ারি যখন তাকে বিশ্বাসঘাতক মনে না করার কারণ জানতে চান, তখন নিজের জীবনের কঠিন সত্যের কথা তুলে ধরেন রিয়া।

রিয়া বলেন, "আমি এই খেলায় বিশ্বাসঘাতক বা খুনি সাজতে চাই না। কারণ, বাস্তব পৃথিবী এমনিতেই আমাকে ওই চোখে দেখে। এটা আমার ব্যক্তিগত জীবনের অভিজ্ঞতা থেকে বলছি। এখানে এসে স্বেচ্ছায় কাউকে খুন করার নাটক করতে চাই না। এতে পরিস্থিতি আরও খারাপ হবে এবং মানুষ আমাকে নিয়ে আবারও নোংরা মিম বানাবে।"

নিজের ওপর হওয়া সামাজিক ট্রলিংয়ের কথা স্মরণ করে রিয়া আরও যোগ করেন, "দেশের মধ্যে সবচেয়ে বেশি ট্রল হওয়া মানুষ সম্ভবত আমিই। আপনারা সবাই জানেন এর পেছনে কী কারণ রয়েছে। তবে একটা বিষয় পরিষ্কার আমি ভেড়ার পালে হাঁটার পাত্রী নই এবং সহজে কাউকে বিশ্বাস বা প্রভাব বিস্তার করতে দিই না "

প্রসঙ্গত, রিয়া চক্রবর্তী শেষ পর্যন্ত এই পর্বের ভোটাভুটিতে টিকে গেলেও বাদ পড়েছেন পারুল গুলাটি। বিতর্ক আর লড়াই সামলে আবারও পর্দায় কাজ শুরু করেছেন রিয়া, তবে পুরনো সেই অপবাদ ও মানসিক ট্রমা যে তার দৈনন্দিন জীবনের ছায়া হয়ে এখনও সাথে ঘুরছে।

---

## এ বিভাগের আরও খবর



**ইতালিতে বাঁধনের ওপর হামলাকারী ৩ ব্যক্তি শনাক্ত**

অভিনেত্রী আজমেরী হক বাঁধনের ওপর হামলা ও হেনস্তার ঘটনায় জড়িত কয়েকজনের পরিচয় পাওয়া গেছে। ভিডিও বিশ্লেষণ করে তাদের মধ্যে শিপল মাহমুদ বিপ্লব, ইল...



**সামান্য মস্করায় ফাঁসলেন নোরা ফাতেহি, খেলেন ৪ কোটি টাকার মামলা**

বিমানে বসে সেটিকে নিয়ে বিদ্রূপাত্মক পোস্ট করায় আইনি ঝামেলায় পড়েছেন বলিউড অভিনেত্রী নোরা ফাতেহি। তার বিরুদ্ধে তিন কোটি রুপির (বাংলাদেশি মুদ্র...



**নিজেদের বঙ্গবন্ধুর সৈনিক পরিচয় দিয়ে অভিনেত্রী বাঁধনের ওপর হামলা**

ইতালিতে লাঞ্ছনার শিকার হয়েছেন জনপ্রিয় অভিনেত্রী আজমেরী হক বাঁধন। ভেনিস আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে যোগ দিতে গিয়ে দেশটির  মেস্ত্রে শহরে...



**হার্দিকের সঙ্গে আমিশার প্রেমের গুঞ্জন, সোশ্যাল মিডিয়ায় ভিডিও ভাইরাল**

ক্রিকেট মাঠের পারফরম্যান্সের চেয়ে ব্যক্তিগত জীবন নিয়েই এখন বেশি আলোচনায় ভারতীয় ক্রিকেটার হার্দিক পান্ডিয়া। নাতাশা স্ট্যানকোভিচের সঙ্গে সম্পর...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/entertainment/obhinetri-riyar-gopn-bhidio-fans-tolpar-netduniya